**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম**
১০১৪/সিডি সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম
E-mail: ...@bise-ctg.gov.bd Website: www.bise-ctg.gov.bd

স্মারক নং : চশিবো/ক.শা/বিবিধ/৫৭/৯৫/১০৮২ (৩০০) তারিখ : ১৭/০৯/২০২৬ খ্রি.

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের Approve (কলেজ কর্তৃক নিশ্চায়ন) সংক্রান্ত

## জরুরী বিজ্ঞপ্তি

অত্রবোর্ডের আওতাধীন কলেজ/স্কুল এণ্ড কলেজ এর অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে-

১। ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ২০/০৯/২০২৬ তারিখে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর ভর্তি কার্যক্রম আগামী ২২/০৯/২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। বাংলাদেশ আন্তঃ শিক্ষাবোর্ড সমন্বয় কমিটি কর্তৃক প্রদত্ত যেসব নির্দেশনা অত্রবোর্ডের ওয়েব সাইট www.bise-ctg.gov.bd-এ দেয়া আছে সেগুলো অনুসরণ করতে হবে এবং www.xiclassadmission.gov.bd এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

২। কোন শিক্ষার্থী SSC পরীক্ষার মূল Academic Transcript ভর্তির সময় জমা দিতে না পারলে Online Result Sheet ভেরিফাই করে কলেজ কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা Approve করে দিতে হবে। পরবর্তীতে ১৫ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে শিক্ষার্থীদের নিকট থেকে অবশ্যই মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা নিতে হবে। শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা ছাড়া পরবর্তীতে eSIF বা Subject Registration করা যাবে না।

৩। কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীদের একাদশ শ্রেণীতে ভর্তি ওয়েব সাইট www.xiclassadmission.gov.bd এর College Login প্যানেলে কলেজের EIIN ও Password দিয়ে Login করে Student list থেকে নির্ধারিত পদ্ধতিতে কলেজ কর্তৃক ভর্তির নিশ্চায়ন (Approve) আগামী ২২/০৯/২০২৬ তারিখ দুপুর ১২টার মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে। শুধুমাত্র সংশ্লিষ্ট কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ কর্তৃক ভর্তি নিশ্চায়ন (Approve) করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা, নাম, এসএসসি রোল নম্বর, বোর্ডের নাম ও নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের তালিকা (Approve List) মিলিয়ে দেখতে হবে যেন ভর্তিকৃত শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন (Approve) বাদ না পড়ে। যাচাই বাছাই পূর্বক Final Submit করে Download কৃত Approved তালিকার Soft কপি ও Print out কপি কলেজে সংরক্ষণ করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ কর্তৃক নিশ্চায়ন (Approve) না করা হলে সেই শিক্ষার্থীর মনোনয়ন ও ভর্তি বাতিল হয়ে যাবে। তাই এ বিষয়ে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষকে সতর্ক থাকতে হবে। শিক্ষার্থীদের নামের সাদৃশ্যের জন্য একজন শিক্ষার্থীর পরিবর্তে অন্যজনের ভর্তি নিশ্চায়ন যেন না হয়ে যায় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

৪। ভর্তির জন্য নির্ধারিত তালিকার যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট কলেজে ভর্তি হবে না তাদেরকে কলেজ কর্তৃক নিশ্চায়ন করা যাবে না।

৫। ভর্তিকৃত শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ১৫/১০/২০২৬ তারিখের মধ্যে অবশ্যই কলেজে জমা নিয়ে সংরক্ষণ করতে হবে।

(প্রফেসর মোহাম্মদ মোসলেহ উদ্দিন)
উপ-কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।

বিতরণ :
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের
সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

---

**অধ্যক্ষের কার্যালয়**
**সরকারি হাজী আবদুল বাতেন কলেজ**
**সন্দ্বীপ, চট্টগ্রাম।**

তারিখ: ২১/০৯/২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, সরকারি হাজী আবদুল বাতেন কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের **আগামী ২২/০৯/২০২৬ খ্রি. রোজ-মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকার** মধ্যে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তি হওয়ার জন্য বিশেষভাবে নির্দেশ দেয়া হলো।

(প্রফেসর এস. এম. আবুল হাশেম)
অধ্যক্ষ
সরকারি হাজী আবদুল বাতেন কলেজ
সন্দ্বীপ, চট্টগ্রাম।

বিতরণ:
১। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি হাজী আবদুল বাতেন কলেজ, সন্দ্বীপ, চট্টগ্রাম।
২। সংরক্ষণ নথি।

CamScanner